তারুণ্য বার্তা

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ-এর একটি অনলাইন বার্তাপত্র

স্যাপ প্রতিযোগিতার সেরা দশে মহিউদ্দীন রনির ‘আর্টিস্টস ফর চেঞ্জ’

ব্রিটিশ কাউন্সিল আয়োজিত Active Citizens Covid-19 Response: Social Action Innovation Ideas’ competition এ অংশ নিয়ে ইয়ুথ এন্ডিং হাঙ্গার ঢাকা জেলার সমন্বয়কারী এবং অ্যাকটিভ সিটিজেনস ইয়ুথ লিডার মহিউদ্দীন রনির নেতৃত্বে পরিচালিত সোশ্যাল অ্যাকশন প্রজেক্ট ‘আর্টিস্টস ফর চেঞ্জ’ প্রথম বাছাইয়ে সেরা দশে উত্তীর্ণ হয়েছে। দ্বিতীয় ধাপের প্রতিযোগিতায় বিজয়ী হওয়ার বিষয়টি নির্ভর করছে ফেসবুকে প্রদত্ত লাইকের উপর। ব্রিটিশ কাউন্সিলের ফেসবুক পেইজের পোস্টে (https://www.facebook.com/BritishCouncilBangladesh) লাইক দেওয়ার মাধ্যমে ভোট দেওয়া যাবে। একটি লাইক, একটি ভোট হিসেবে মূল্যায়িত হবে এবং সর্বোচ্চ লাইকেরভিত্তিতে সেরা স্যাপ নির্বাচিত হবে। আগামী ৩০ আগস্ট বিকাল তিনটা পর্যন্ত লাইক দেওয়া যাবে।

ইয়ুথ এন্ডিং হাঙ্গার ঢাকা জেলার সমন্বয়কারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মহিউদ্দীন রনি নেতৃত্বে পরিচালিত ‘আর্টিস্টস ফর চেঞ্জ’ সোশ্যাল অ্যাকশন প্রজেক্টটি অ্যাকটিভ সিটিজেনস ইয়ুথ লিডারদের দ্বারা গৃহীত ও ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের সযত্ন পরিচর্যায় পরিচালিত একটি উদ্যোগ। করোনা মহামারীর এই সংকটকালে বেড়ে গেছে পারিবারিক কলহ, নারী নির্যাতন, নারী ও শিশু ধর্ষণ। UNFPA এবং এর সংশ্লিষ্ট সংস্থা Avenir health Jhon Hopkins University, US এবং Victoria University, Australia জানায় বিশ্বজুড়ে করোনার লকডাউনে গত ৩ মাসে ১৯৩টি রাষ্ট্রে গড়ে পারিবারিক নির্যাতনের হার ২০%। মানুষের জন্য ফাউন্ডেশনের গত এপ্রিল মাসের অভিযোগ ও জরিপ মতে বাংলাদেশে পারিবারিক নির্যাতনের শিকার হয়েছে ৪,২৪৯ জন। প্রায় প্রতি ঘরে ঘরে লক্ষণীয় মাত্রায় বাড়ছে লিঙ্গ বৈষম্য।

আমাদের সমাজ নারীদের প্রতি অবমাননাকর দৃষ্টিভঙ্গি লালন করে থাকে। যার ফলে অনেক সময় নারীদের সাজগোজকে কটাক্ষ করে বলা হয়, মেকআপ মানে ‘আটা, ময়দা, সুজি’। এই দৃষ্টিভঙ্গির পরিবর্তন শুধু সচেতনতামূলক আলোচনার মাধ্যমে সম্ভব নয়। এর জন্য প্রয়োজন শিল্পীর চোখে শিল্পীর দ্বারা নন্দনকলা দিয়ে ব্যাক্তি-বিবেককে প্রশ্নবিদ্ধ করার করা। তাই মেকআপ শিল্পকে সেই কটুদৃষ্টিভঙ্গির বিরুদ্ধে প্রধান অস্ত্র করে করোনায় ঘরবন্দি মেকআপ শিল্পীদের সমন্বয়ে ‘আর্টিস্ট ফর চেঞ্জ’ সোশ্যাল অ্যাকশন প্রজেক্টের জনপ্রিয়তাকে কেন্দ্র করে অ্যাকটিভ সিটিজেনস ইয়ুথ লিডাররা “Makeup our Power” নামে একটি সৃজনশীল কর্মসূচি শুরু করে।

মেকআপ ফেইস পেইন্টিং এর মাধ্যমে বাড়ি বসে পারফর্মিং আর্ট করে স্থির চিত্র ধারণ করে Artists For Change এর ফেসবুক গ্রুপে, নিজেদের টাইমলাইনে, বিভিন্ন গ্রুপ, ইন্সটাগ্রামে #Makeupourpower ক্যাপশনে ছবি পোস্ট করে।

‘আর্টিস্টস ফর চেঞ্জ’ এর নেতৃত্বে মেকআপ আর্টিস্টরা পারিবারিক সহিংসতা, ধর্ষণ, বডিশেমিং, বুলিং ইত্যাদি নানা ধরনের নির্যাতন ও সামাজিক বিচ্যুতির বিরুদ্ধে পারফর্মিং আর্টের মাধ্যমে পরিবর্তনের ঝড় তোলে। শুধু নারীরাই নয়, নারীদের এই প্রচেষ্টা ও মেকআপ শিল্পকে সম্মান জানিয়ে পুরুষরাও মেকআপ আর্টের মাধ্যমে জেন্ডার ইকুয়ালিটি বা লিঙ্গীয় সমতার প্রতি সমর্থন জানায়।

এই পারফর্মিং আর্ট আইডিয়াটি এসডিজি অভীষ্ট-৫ এবং ৮ অর্জনে বিশেষ ভূমিকা রাখবে বলে আশাবাদী ইয়ুথ লিডার এবং আর্টিস্টস ফর চেঞ্জের সদস্যরা।

এই স্যাপ এর পক্ষ থেকে বর্তমানে ১০ জন মেকআপ আর্টিস্টকে করোনার মহামারীতে সৃষ্ট অর্থনৈতিক মন্দা দূরীকরণে উদ্যোক্তা হওয়ার প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। একই সাথে এই পারফর্মিং আর্টে অংশগ্রহণকারীদের মধ্যে ৫০০ জনকে বাছাই করে আগামী এক বছরের মধ্যে মেকআপের উচ্চতর দক্ষতা এবং উদ্যোক্তা হওয়ার প্রশিক্ষণ দেওয়া হবে।

উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাছিমা আক্তার জলি
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org
yeh.thpbd.org | thpbd.org
facebook.com/YEHBD

হেরাল্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা -১২০৭।
ফোন: ৯১৩-০৪৭৯, ৯১২-২০৮৬